দৈনিক ইত্তেফাক

তারিখ 29 JUL 2007
পৃষ্ঠা ৩ কলাম ৩

# ২০০৯ সাল থেকে এসএসসি পরীক্ষায় নতুন ধরনের প্রশ্নপত্রে হচ্ছে না

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

২০০৯ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষা নতুন ধরনের প্রশ্নপত্রে না নেয়ার সিদ্ধান্ত হয়েছে। জানা গেছে, এ ব্যাপারে প্রয়োজনীয় প্রস্তুতি না থাকা, বিভিন্ন স্থানে কয়েকজন অভিভাবকের মামলা দায়ের, রাজধানীতে অভিভাবকদের সাংবাদিক সম্মেলন ও পত্রপত্রিকায় প্রকাশিত রিপোর্ট পর্যালোচনা করে শিক্ষা মন্ত্রণালয় এ সিদ্ধান্ত নিয়েছে। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, গত বুধবার শিক্ষা সচিব মোঃ মোমতাজুল ইসলামের সভাপতিত্বে মন্ত্রণালয় ও বিভিন্ন শিক্ষাবোর্ডের কর্মকর্তাদের এক সভায় পূর্ব পরিকল্পনা অনুযায়ী ২০০৯ সালে এসএসসি পরীক্ষা নেয়া সম্ভব কিনা সে সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। একই সঙ্গে ২০১০ সালে নতুন পদ্ধতিতে এসএসসি পরীক্ষা নেয়া এবং সে ব্যাপারে প্রস্তুতি নেয়ার ওপর গুরুত্বারোপ করা হয়